# কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাস: গুরুদয়াল সরকারি কলেজ

web: www.kiu.ac.bd

ফোন: ০২৯৯৮৮৩২২২১


স্মারক নম্বর-কিবি/জিএসটি/২০২৫/৫২৬ তারিখ: ২৬ আগস্ট ২০২৫ খ্রি.

## জিএসটি গুচ্ছভুক্ত ২০২৪-২৫ শিক্ষাবর্ষে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়-এর ফাঁকা আসনের বিপরীতে ভর্তি সাক্ষাৎকারে উপস্থিত প্রার্থীদের মধ্যে মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে নির্বাচিত প্রার্থীদের তালিকা ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২৫ এবং ২৬ আগস্ট ২০২৫ তারিখে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়-এ অনুষ্ঠিত ভর্তি সাক্ষাৎকারে উপস্থিত প্রার্থীদের মধ্যে মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে নির্বাচিত প্রার্থীদের তালিকা নিম্নরূপ:

| বিভাগ | ইউনিট | ফাঁকা আসন সংখ্যা | নির্বাচিত প্রার্থীদের GST Roll | অপেক্ষমান প্রার্থীদের GST Roll |
|---|---|---|---|---|
| গণিত | A | ৭ টি | 206451, 129848, 134202, 238559, 131154, 109651, 108667 | 205336, 124880, 227913, 234376, 134373, 205442, 231718 |
| ইংরেজি | A | ১ টি | 201604 | 180892 |
| | B | ২ টি | 320589, 344333 | 358092, 358800 |

উক্ত তালিকার নির্বাচিত প্রার্থীদের **আগামী ২৭ আগস্ট ২০২৫ তারিখ (বুধবার) সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টার** মধ্যে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে। উক্ত সময়ের মাঝে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য নির্বাচিত প্রার্থীরা প্রয়োজনীয় ফি অনলাইনে (https://admission.kiu.ac.bd/ -ওয়েবসাইটে লগইন করে) প্রদান করে নিম্নোক্ত কাগজপত্রসহ নিম্নের ঠিকানায় সশরীরে উপস্থিত হবে। **উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে কোনো শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

**চূড়ান্ত ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র:**

১। জিএসটি ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (কক্ষ পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)

২। এসএসসি ও এইচএসসি (বা সমমানের) পরীক্ষার মূল নম্বরপত্র

৩। ভর্তির জন্য প্রয়োজনীয় ফি প্রদান করার পর প্রাপ্ত Payment Slip (অনলাইন থেকে পাওয়া যাবে এবং ১ কপি রঙিন প্রিন্ট করে আনতে হবে)

৪। অনলাইনে বিশ্ববিদ্যালয়ের পোর্টাল থেকে প্রাপ্ত Admission Form ( ১ কপি রঙিন প্রিন্ট করে আনতে হবে )

**চূড়ান্ত ভর্তির ঠিকানা:** কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-২৩০০ (অস্থায়ী ক্যাম্পাস: গুরুদয়াল সরকারি কলেজ)

**চূড়ান্ত ভর্তির জন্য প্রদেয় ফি-র পরিমাণ:**

| বিভাগ | অনলাইনে প্রদেয় ভর্তি ফি'র পরিমাণ (টাকা) (SSLCOMMERZ এর চার্জ ব্যতীত) |
|---|---|
| গণিত | ৫,০০০ + ৪,০০০ = ৯,০০০ |
| ইংরেজি | ৫,০০০ + ২,৫০০ = ৭,৫০০ |

- এছাড়াও, ভর্তির সময় নিজ বিভাগীয় অফিসে বিভাগ উন্নয়ন ফি (৫০০/- মাত্র) সরাসরি ক্যাশ জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য (শুধুমাত্র অপেক্ষমান প্রার্থীদের জন্য) :** আগামী ২৭ আগস্ট ২০২৫ তারিখ (বুধবার) দুপুর ২:০০ টার মধ্যে কোনো নির্বাচিত প্রার্থী তার চূড়ান্ত ভর্তি সম্পন্ন না করলে উক্ত আসনটি ফাঁকা ধরা হবে এবং সেই আসনটি সাক্ষাৎকারে উপস্থিত প্রার্থীদের মেরিট অনুযায়ী প্রকাশিত অপেক্ষমান তালিকা থেকে পূরণ করা হবে। এ সংক্রান্ত বিজ্ঞপ্তি আগামী ২৭ আগস্ট ২০২৫ তারিখ (বুধবার) বিকাল ৩:০০ টায় প্রকাশ করা হবে এবং অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত প্রার্থীদের আগামী ২৮ আগস্ট ২০২৫ তারিখ (বৃহস্পতিবার) চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

২৬/০৮/২০২৫

নায়লা ইয়াসমিন

রেজিস্ট্রার, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০২৯৯৮৮৩২২২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অধ্যাপক ড. মোঃ সফিকুল ইসলাম, উপ-উপাচার্য, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

২. অধ্যাপক মো. ইমান আলী, ট্রেজারার, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

৩. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় (মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪-৭. চেয়ারম্যান, সকল বিভাগ, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

৮. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

৯. অর্থ ও হিসাব দপ্তর, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

১০. নোটিশ বোর্ড

১১. অফিস কপি


# কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির জন্য অনলাইন পোর্টালে অবশিষ্ট ফি প্রদানের নিয়মাবলী

# STEP-1

প্রথমে কম্পিউটার বা মোবাইল এর যেকোনো ব্রাউজার থেকে নিম্নোক্ত ওয়েবসাইটে ভিজিট করতে হবে।


## admission.kiu.ac.bd

এবং সেখান থেকে Login for Final Admission বাটনে ক্লিক করতে হবে।




# STEP-2

GST হতে প্রদত্ত Applicant ID এবং Password দিয়ে লগইন করতে হবে।




# STEP-3

## লগইন সফল হলে Address & Others অপশনে যেতে হবে




# STEP-4

সকল তথ্য ইংরেজিতে সঠিকভাবে পূরণ করে নিচে থাকা Update বাটনটি ক্লিক করতে হবে।




# STEP-5

Address & Others পূরণের পর Payment অপশনে ক্লিক করতে হবে।



# STEP-6


Pay Now বাটনে ক্লিক করলে SSLCommerz এর পেমেন্ট গেটওয়ের পোর্টালে চলে যাবে এবং সেখান থেকে সুবিধামত ব্যাংকিং এর মাধ্যম পছন্দ করে অনলাইনে পেমেন্ট সম্পন্ন করতে হবে।



# STEP-7


পেমেন্ট সফল হলে Status এ Paid দেখাবে। যদি পেমেন্ট করার পরেও কোনো কারণে Paid না দেখায় তাহলে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করতে হবে:

**01716033198**



# STEP-8

এরপর Payment Slip অপশনে ক্লিক করে পেমেন্ট স্লিপটি পিডিএফ আকারে পাওয়া যাবে। চূড়ান্ত ভর্তির কাগজ জমা দেওয়ার সময় স্লিপটি ১ কপি রঙিন প্রিন্ট করে সাথে আনতে হবে।



# STEP-9

সবশেষে Admission Form অপশনে ক্লিক করে অ্যাডমিশন ফর্মটি পিডিএফ আকারে পাওয়া যাবে। চূড়ান্ত ভর্তির কাগজ জমা দেওয়ার সময় ফর্মটি ১ কপি রঙিন প্রিন্ট করে সাথে আনতে হবে।

